অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরে যাত্রী অভিজ্ঞতা উন্নত করার প্রকল্প শুরু ঘোষণা করলেন

নর্থ কনকোর্সের সম্প্রসারণ এবং নতুন ফেডারেল ইন্সপেকশন স্টেশনের প্রধান নির্মাণকাজ চলমান

প্রকল্পটি গভর্নরের 230 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতা থেকে 20 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরে (Syracuse Hancock International Airport, SYR) যাত্রী অভিজ্ঞতা উন্নত করতে এবং সেন্ট্রাল নিউ ইয়র্ককে একটি বিশ্বমানের যাত্রা কেন্দ্র প্রদান করতে একটি প্রকল্পের প্রধান নির্মাণকাজ শুরু হয়েছে। গভর্নরের 230 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতা (Upstate Airport Economic Development and Revitalization Competition) থেকে 20 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্পটি অতিরিক্ত বসার ব্যবস্থা ও কনসেশন স্থান প্রদান করার জন্য বিমানবন্দরের নর্থ কোর্সকে সম্প্রসারিত করবে এবং একই সাথে যাত্রী প্রবাহ উন্নত করে। প্রকল্পটিতে এছাড়াও থাকছে ফেডারেল ইন্সপেকশন স্টেশন (Federal Inspection Station, FIS) ফ্যাসিলিটি সম্প্রসারিত করার জন্য গেট 15 এর অবস্থানে টার্মিনাল ভবনের দ্বিতীয় তলার সংস্কার, যা বিমানবন্দরটির আন্তর্জাতিক আখ্যা টিকিয়ে রাখা নিশ্চিত করবে।

"সেন্ট্রাল নিউ ইয়র্ক অভূতপূর্ব রূপান্তরের দ্বারপ্রান্তে রয়েছে যা অঞ্চলে নতুন শক্তি ও অর্থনৈতিক সুযোগ নিয়ে আসবে এবং আমরা নিশ্চিত করছি যাতে আমাদের অত্যাবশ্যকীয় পরিবহন অবকাঠামো এর জন্য তৈরি থাকে," **গভর্নর হোকল বলেন।** "সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরে আমরা যেই উন্নয়নকাজ করছি যা বাসিন্দা এবং সল্ট সিটিতে বেড়াতে আসা মানুষের জন্য আরো স্বাগত একটি অভিজ্ঞতা তৈরি করবে এবং বর্তমানে যেই প্রজন্মগত বিকাশ ও উন্নয়ন হচ্ছে তাতে ইন্ধন প্রদান করবে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরে এই মুখ্য বিনিয়োগের ফলে অতি গুরুত্বপূর্ণ সংস্কার কাজ শুরু সম্ভব এবং অবশেষে বিমানবন্দরটিকে সকল বাসিন্দা, পর্যটক, ও ভ্রমণকারীদের জন্য একটি মুখ্য কেন্দ্রে পরিণত করার দীর্ঘ প্রতীক্ষিত নির্মাণকাজ শুরু সম্ভব হচ্ছে। এই তহবিল দেশের দ্রুততম বিকাশমান

বিমানবন্দরগুলির একটির চাহিদা পূরণে হ্যানককে আধুনিকায়িত ও সম্প্রসারিত করবে এবং অঞ্চলজুড়ে ঐতিহাসিক মাত্রার ফেডারেল ও স্টেট বিনিয়োগের ফলে সৃষ্ট বিমান সেবার বর্ধিত চাহিদাকে সমর্থন করবে। একটি আধুনিক এবং ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা বিমানবন্দর গ্রাহকদের আকৃষ্ট করে, বিমানবন্দরের বিকাশ করে, এবং সম্পূর্ণ অঞ্চলে অব্যাহত সাফল্য তৈরি করে। অঞ্চলের পর্যটন অর্থনীতিকে বলীয়ান করার জন্য এবং আমাদের সম্প্রদায়সমূহকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য আমাদের আপস্টেট নিউ ইয়র্কের বিমানবন্দরসমূহে অতি প্রয়োজনীয় ফেডারেল মার্কিন ডলার প্রদান করার ব্যাপারে আমি দীর্ঘদিন ধরে কথা বলে আসছি এবং আগামী বহু বছরের জন্য সেন্ট্রাল নিউ ইয়র্কের উন্নতিতে সাহায্য করার জন্য অতি প্রয়োজনীয় আধুনিকায়ন ও অবকাঠামোর উন্নয়ন কাজ শুরু করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর হলো নয়টি আপস্টেট বিমানবন্দরের একটি যারা 2022 সালে গভর্নর হোকলের ঘোষিত আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতার সর্বশেষ রাউন্ড থেকে মোট 230 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পেয়েছে। এই অর্থদানের উদ্দেশ্য হলো আপস্টেটের বাণিজ্যিক যাত্রী সেবাদানকারী বিমানবন্দরসমূহে বিনিয়োগের প্রচার, পুনরুজ্জীবন এবং ত্বরান্বিত করা যা একবিংশ শতাব্দীর বিমানবন্দর তৈরিতে সাহায্য করবে।

1949 সালে নির্মিত সিরাকিউজ হ্যানকক একটি ক্যাচমেন্ট এলাকা হিসেবে কাজ করে যা কানাডিয়ান সীমানা থেকে পেনসিলভ্যানিয়া পর্যন্ত বিস্তৃত এবং একাধিক বাণিজ্যিক করিডোরের কাজে আসে।

মোট অনুমিত 28.5 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের নতুন উন্নয়ন প্রকল্পটি নর্থ কনকোর্সে আনুমানিক 4,700 বর্গফুট যোগ করবে, যা প্রতি বছর এই ফ্যাসিলিটির মধ্যে দিয়ে যাতায়াত করা আনুমানিক 40 শতাংশ যাত্রীদের সেবাদান করবে, এবং উন্নত যাত্রী প্রবাহের জন্য স্থান প্রদান করবে, অতিরিক্ত বসার ব্যবস্থা এবং কনসেশন স্থান প্রদান করবে। নকশাটি উন্নত বায়ুর মানের জন্য সম্ভাব্য সর্বোচ্চ প্রাকৃতিক বায়ু চলাচলকে সমর্থন করবে, প্রাকৃতিক আলো বৃদ্ধি করতে গতিশীল জানালার প্যানেল স্থাপনের মাধ্যমে শক্তি দক্ষতার প্রচার করবে এবং অফ টাইমে অত্যাবশ্যকীয় নয় এমন বাতির ব্যবস্থা হ্রাস করার জন্য নতুন বাতির নিয়ন্ত্রণ ও সেন্সর স্থাপন করবে। এছাড়াও উচ্চ দক্ষতার ভবন সরঞ্জাম বিমানবন্দরের টেকসই অবস্থার উন্নতি করবে।

এছাড়াও বিমানবন্দরের কাস্টমস এবং সীমানা সুরক্ষা (Customs and Border Protection, CBP) ফেডারেল ইন্সপেকশন স্টেশনের উন্নয়নের পরিকল্পনা রয়েছে যাতে ফ্যাসিলিটি কর্তৃক সর্বশেষ CBP মানদণ্ড পূরণ নিশ্চিত করা যায় এবং বিমানবন্দরটির আন্তর্জাতিক আখ্যা সংরক্ষণ করা যায়, যার মধ্যে রয়েছে আন্তর্জাতিক যাত্রী ও কার্গো কর্মকাণ্ড উভয় পরিচালনা করার এর সক্ষমতা। প্রকল্পটি আন্তর্জাতিক কর্মকাণ্ডের জন্য সর্বাধুনিক FIS সরঞ্জাম স্থাপন করবে যার ফলে প্রতি ঘণ্টায় 200 যাত্রীর প্রক্রিয়াজাতকরণ সম্ভব হবে, একটি জেট ব্রিজ প্রতিস্থাপন করবে, একটি নতুন এলিভেটর টাওয়ার ও ব্যাগেজ ক্যারোসেল স্থাপন করবে, এবং একটি অতিরিক্ত হোল্ড রুম ও বোর্ডিং স্থান তৈরি করবে। প্রকল্পটিতে এছাড়াও রয়েছে পথ প্রদর্শনকারী বাতির নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং শ্রবণ প্রতিবন্ধী যাত্রীদের সমর্থন স্থাপন করা।

সিরাকিউজ হ্যানককের নতুন প্রকল্পটি 2018 সালে শেষ হওয়া সফল টার্মিনাল সংস্কার প্রকল্পের অনুবর্তী, এবং অন্যান্য উন্নয়নকাজের মধ্যে সেখানে মূল যাত্রী টার্মিনাল সম্প্রসারণ করা হয়েছে এবং যাত্রী ড্রপঅফ স্থানের উপরে একটি নতুন বাহ্যিক ফ্যাসেড ও ক্যানোপি নির্মাণ করা হয়েছে।

বিমানবন্দরে সর্বশেষ এইসব উন্নয়নকাজ মাইক্রনের (Micron) পরিকল্পনার সম্পূরক হবে, এটি একটি মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক মেমোরি এবং স্টোরেজ প্রস্তুতকারক এবং বিশ্বের চতুর্থ বৃহত্তম সেমিকন্ডাক্টর উৎপাদনকারী, যারা নিউ ইয়র্কের ওনোন্ডাগা কাউন্টিতে একটি অত্যাধুনিক সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ ক্যাম্পাস নির্মাণের জন্য আগামী 20 বছরের বেশি সময় ধরে 100 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করবে।

আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতাটি পরিচালনা করে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (New York State Department of Transportation, NYSDOT) এবং এটি আপস্টেটের বাণিজ্যিক যাত্রী সেবার বিমানবন্দরসমূহ এবং বাণিজ্যিক আকাশযান এবং/অথবা কর্পোরেট জেটসমূহকে বিশেষ সেবা প্রদানকারী বিমানবন্দরসমূহের জন্য উন্মুক্ত রয়েছে। একবিংশ শতাব্দীর চাহিদা পূরণ করতে সাহায্য করার জন্য একটি একক প্রকল্প বা কয়েকটি প্রকল্পের কর্মসূচির তহবিলের জন্য আবেদন করে আবেদনকারীদের উৎসাহিত করা যাচ্ছে। যোগ্য বিমানবন্দরসমূহের জমাকৃত প্রকল্পসমূহের পর্যালোচনা করা হয়েছে পূর্বে স্থাপিত নির্ণায়কের উপর ভিত্তি করে, যার মধ্যে রয়েছে বিমানবন্দর এলাকার নকশা, যাত্রী সুবিধা এবং অভিজ্ঞতা, পরিচালনামূলক দক্ষতা এবং অর্থনৈতিক কার্যকারিতা, কিন্তু যা এর মধ্যে সীমাবদ্ধ নয়।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকল বুঝেন যে আমাদের আপস্টেট বিমানবন্দরগুলি হলো পর্যটন ও অর্থনৈতিক বিকাশের নতুন সুযোগ উন্মোচন করার গেটওয়ে। সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরে আমরা যেই বিনিয়োগ করছি তা আমাদেরকে বিমানবন্দরটিকে নতুন মাত্রায় নিয়ে যেতে সাহায্য করবে, যাত্রীর অভিজ্ঞতা উন্নত করবে, আরো প্রাকৃতিক আলোর ব্যবস্থা করবে, ফ্যাসিলিটিতে যাত্রীর চলাচল এবং উন্নত বিমানবন্দরের কর্মকাণ্ড সহজ করবে, এর সবকিছুই বসবাস, কাজ এবং বেড়ানোর একটি দারুণ স্থান হিসেবে সেন্ট্রাল নিউ ইয়র্কের একটি ইতিবাচক ও দীর্ঘস্থায়ী পরিচয় তৈরি করবে।"

স্টেটের সিনেটর জন ম্যানিয়ন বলেন, "সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরে মুখ্য নতুন বিনিয়োগের পক্ষে আমি কাজ করেছি, কারণ বর্তমান সময়ের চাহিদা পূরণ ও আগামীদিনের বিকাশের জন্য পর্যাপ্ত একটি বিশ্বমানের বিমানবন্দর আমাদের অঞ্চলটির প্রয়োজন। নর্থ কনকোর্স সম্প্রসারণ এবং ফেডারেল ইন্সপেকশন স্টেশনের আধুনিকায়ন যাত্রী অভিজ্ঞতাকে উন্নত করবে, আমাদের স্থানীয় অর্থনীতিকে বলীয়ান করবে, চাকরি তৈরি করবে, এবং সিরাকিউজকে ব্যবসা ও ভ্রমণকারীদের জন্য আরো বেশি আকর্ষণীয় গন্তব্যে পরিণত করবে। গভর্নর হোকলের নেতৃত্ব এবং আপস্টেট নিউ ইয়র্কের চাহিদার উপর অব্যাহত মনোযোগের কারণে আমি তার প্রশংসা করছি, এবং বিমানবন্দরের এইসব উল্লেখযোগ্য উন্নয়নকাজ সম্পূর্ণ হতে দেখার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি পরিবহনের প্রধান বিল ম্যাগনারেলি বলেন, "সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরের আধুনিকায়ন হলে তা পর্যটক এবং টাউনের বাইরে থেকে ব্যবসা আকৃষ্ট করার মাধ্যমে আমাদের আপস্টেট শহরসমূহ অর্থনৈতিক বিকাশের চালক হয়ে থাকতে পারবে। আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ এবং পুনরুজ্জীবন প্রতিযোগিতাটি বর্তমান সময়ের সদা পরিবর্তনশীল অবকাঠামো, প্রযুক্তি, নিরাপত্তা, এবং সুরক্ষা মানদণ্ড পূরণ করতে আমাদের বিমানবন্দরের জন্য প্রয়োজনীয় তহবিল প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য অ্যাল স্টির্পে বলেন, "সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরের জন্য আপস্টেট বিমানবন্দর অর্থনৈতিক বিকাশ ও পুনরুজ্জীবন প্রতিযোগিতা থেকে গভর্নর হোকলের প্রদত্ত 20 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ আমাদের অঞ্চলের পরিবহন অবকাঠামোর উন্নয়ন এবং যাত্রী অভিজ্ঞতা উন্নত করতে তার প্রতিশ্রুতিকে তুলে ধরে। সেমিকন্ডাক্টর শিল্পখাতে সেন্ট্রাল নিউ ইয়র্কের ক্রমবর্ধমান ভূমিকা এবং আমাদের অঞ্চলের আশু বিকাশের জন্য এই উন্নয়নকাজটি অপরিহার্য। নির্মাণকাজ শুরুর সাথে আমরা আপস্টেট নিউ ইয়র্কের বিমানবন্দরসমূহের আধুনিকায়নের দিকে একটি উল্লেখযোগ্য ধাপ গ্রহণ করলাম।"

অ্যাসেম্বলি সদস্য পামেলা হান্টার বলেন, "হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরের এই উন্নয়নকাজগুলি হলো সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং পুরো স্টেটে যেই অবকাঠামো উন্নয়নের বৃহত্তর সিরিজের কাজ হচ্ছে তার একটি অংশ। এইসব ঐতিহাসিক বিনিয়োগে গভর্নর হোকলের সাথে কাজ অব্যাহত রাখতে পেরে এবং আমাদের সম্প্রদায়ে এই বিনিয়োগসমূহ যেই সুযোগ তৈরি করবে তাদের স্বাগত জানাতে পেরে আমি খুশি।"

স্টেটের সিনেটর র্যাচেল মে বলেন, "সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর হলো সেন্ট্রাল নিউ ইয়র্কজুড়ে যাত্রীদের জন্য একটি অত্যাবশ্যকীয় কেন্দ্র। তাই, বিমানবন্দরটিতে চলাচল সহজ হওয়া, আরামদায়ক হওয়া, এবং এখানে যাত্রী প্রত্যাশা অনুযায়ী সর্বাধুনিক সব প্রযুক্তির ব্যবস্থা থাকা অতি গুরুত্বপূর্ণ। 20 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি নিশ্চিত করবে যাতে বিমানবন্দরটি আগামী বহু বছর ধরে একটি আধুনিক ভবনে দারুণ সেবা প্রদান করা অব্যাহত রাখতে পারে। গভর্নর হোকলের অব্যাহত সমর্থনের জন্য তাকে ধন্যবাদ, যার ফলে সেন্ট্রাল নিউ ইয়র্কের যাত্রীদের একটি বিশ্বমানের বিমানবন্দরের অভিজ্ঞতা প্রদান সম্ভব হচ্ছে।"

ওনোন্ডাগা কাউন্টি নির্বাহী রায়ান ম্যাকমাহন বলেন, "আমাদের সম্প্রদায় যেই অনস্বীকার্য প্রবৃদ্ধি ও অগ্রগতির মধ্যে দিয়ে যাচ্ছে তার জন্য সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দরের থেকে ভালো কোনো উদাহরণ হতে পারে না। নির্বাহী পরিচালক জ্যাসন টেরেরি এবং তার দল জানতো যে দেশের সবথেকে দ্রুত বিকাশমান বিমানবন্দরসমূহের একটি হিসেবে SYR যেই উচ্চমানের যাত্রী অভিজ্ঞতা প্রদান করার জন্য পরিচিত তা প্রদান অব্যাহত রাখার জন্য এই অতি গুরুত্বপূর্ণ এবং উল্লেখযোগ্য বিনিয়োগ করতেই হবে। নর্থ কোনকোর্স সম্প্রসারণ করা এবং ফেডারেল ইন্সপেকশন স্টেশন ফ্যাসিলিটির সম্প্রসারণের নির্মাণকাজ শুরু করার মাধ্যমে আজকে সেইসব উন্নয়ন কাজ শুরু করা হচ্ছে। এই প্রকল্পের জন্য একাধিক খাতজুড়ে একাধিক অংশীদারের একত্রিত হওয়া আবশ্যিক ছিলো, এবং এটিকে বাস্তব করতে সাহায্য করা সকলকে আমি ধন্যবাদ জানাতে চাই।"

মেয়র বেন ওয়ালশ বলেন, "সিরাকিউজ এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক গন্তব্য হিসেবে বিকশিত হচ্ছে, তাই আমাদের পরিবহন অবকাঠামোতে অব্যাহত বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ। সিরাকিউজ হ্যানকক আন্তর্জাতিক বিমানবন্দর হলো আমাদের অঞ্চলে চলমান পুনরুত্থানের প্রতিফলন, এবং যাত্রার অভিজ্ঞতা উন্নত করা ও একটি আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে হ্যানককের আখ্যা সুরক্ষিত রাখার জন্য বিনিয়োগ করার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির কারণে আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন